ঝিনাইদহে বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ফ্রী মেডিকেল ক্যাম্প

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ঝিনাইদহে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আজ শুত্রুবার সকালে শহরের ঝিনাইদহ কলেজ প্রাঙ্গনে ফ্রী মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন, জেলা বিএনপি’র যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস।

সেসময় চেম্বার অব কর্মাসের সভাপতি মোয়াজ্জেম হোসেন, পৌর বিএনপি’র যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুর রহমান রিপন, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক, পৌর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক সাজ্জাদুল ইসলাম মিলন, ড্যাব নেতা ডাঃ হাসানুজ্জামানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের আয়োজনে দিনব্যাপী শহরের বিভিন্ন এলাকার ৩ শতাধিক রোগীকে বিনামুল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ দেওয়া হয়। স্বাস্থ্যসেবা প্রদান করেন, ঝিনাইদহ ও মাগুরার হাসপাতালের ডাঃ আসিফ হোসেন, ডাঃ তারিন শুভ, ডাঃ প্রান্ত, ডাঃ জোহান হোসেনসহ ৪ জন চিকিৎসক।

বিনামুল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ পেয়ে সস্তুষ্টি প্রকাশ করেন হতদরিদ্র মানুষেরা।

গাংনীতে পিএসকেএসের ফ্রী স্বাস্থ্য ক্যাম্প

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তা এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির বাস্তবায়নে, গাংনী উপজেলার

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির কাজিপুর শাখা কার্যালয়ে বিনামূল্য স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে গাংনীর কাজিপুর ইউনিয়নের সর্বসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে এই স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পে মোট ১৮৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।

স্বাস্থ্য ক্যাম্পে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমৃদ্ধি কর্মসূচির উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ রাকিবুল ইসলাম, কাজিপুর ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আন্জুমান ইসলাম, সদস্য মোঃ খেতাব আলী, প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ আব্দুল হাদী।

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে ফ্রী মেডিকেল ক্যাম্প

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে গাংনী ডক্টর পয়েন্টস, ডায়াবেটিস রিসার্স সেন্টারের উদ্যোগে দিনব্যাপি ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হচ্ছে।

গাংনী কাথুলি মোড় এসআরএস টাওয়ারের ডক্টর পয়েন্টসে এই ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হচ্ছে। ০১৭২১৫৬১২৬৩ ও ০১৭৩১১৮৬১১১৩ মোবাইল নং নাম বয়স ও গ্রাম লিখে এসএমএসের মাধ্যমে রেজিষ্ট্রেশন করার জন্য বলা হয়েছে।

এই ফ্রী মেডিকেল ক্যাম্পে দিন ব্যাপি ফ্রী রোগী দেখবেন বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয়ের (পিজিটি) মেডিসিন, এমডি কার্ডিওলোজি রেসিডেন্ট ডাক্তার সজীব উদ্দীন স্বাধীন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার পিজিটি (মেডিসিন) সিসিডি (বার্ডেম) ডাক্তার আদিলা আযহার আরশি ও মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার পিজিটি (মেডিসিন)

সিএমইউ (ঢাকা) ডাক্তার শোভন মল্লিক।

এলাকার ডায়াবেটিস রোগীদের যোগাযোগ ও ফ্রী মেডিকেল ট্রিটমেন্ট নেওয়ার জন্য গাংনী ডক্টরস পয়েন্টস এর পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।